# হাদীস সম্ভার

## হাদিস নাম্বারঃ ৩২০২

২৭/ আদব

পরিচ্ছেদঃ সফরে চলা, বিশ্রাম নিতে অবতরণ করা, রাত কাটানো এবং সফরে ঘুমানোর আদব-কায়দা। রাতে পথচলা মুস্তাহাব, সওয়ারী পশুদের প্রতি নম্রতা প্রদর্শন করা এবং তাদের বিশ্রামের খেয়াল রাখা। যে তাদের অধিকারের ব্যাপারে ত্রুটি করে তাকে তাদের অধিকার আদায়ের নির্দেশ দেওয়া। সওয়ারী সমর্থ হলে আরোহীর নিজের পিছনে অন্য কাউকে বসানো বৈধ

আরবী

وَعَنْ أَبِي جَعفَرٍ عَبدِ اللهِ بنِ جَعفَرٍ رَضيَ اللهُ عَنهُمَا قَالَ : أَردَفَنِي رَسُوْلُ اللهِ ﷺ ذَاتَ يَوْمٍ خَلْفَهُ وَأسَرَّ إليَّ حَديثاً لاَ أُحدّثُ بِهِ أحداً مِنَ النَّاسِ وَكَانَ أحَبَّ مَا اسْتَتَرَ بِهِ رَسُوْلُ اللهِ ﷺ لِحاجَتِهِ هَدَفٌ أَوْ حَائِشُ نَخْلٍ يَعنِي : حَائطَ نَخْلٍ رواه مسلم هكَذَا مُختصراً وَزَادَ فِيهِ البرْقَانِي بإِسنَادِ مُسلِمٍ ـ بَعدَ قَوْلِهِ : حَائِشُ نَخْلٍ فَدَخلَ حَائِطاً لِرَجُلٍ مِنَ الأنْصَارِ فَإذَا فِيهِ جَمَلٌ فَلَمَّا رَأَى رَسُوْلُ اللهِ ﷺ جَرْجَرَ وَذَرَفَتْ عَيْنَاهُ فَأَتَاهُ النَّبيُّ ﷺ فَمَسَحَ سَرَاتَهُ ـ أيْ : سِنَامَهُ وَذِفْرَاهُ فَسَكَنَ فَقَالَ مَنْ رَبُّ هَذَا الجَمَلِ ؟ لِمَنْ هَذَا الجَمَلُ ؟ فَجَاءَ فَتَىً مِنَ الأنْصَارِ فَقَالَ : هَذَا لِي يَا رَسُوْلَ اللهِ قَالَ أَفَلاَ تَتَّقِي اللهَ فِي هَذِهِ البَهِيمَةِ الَّتِي مَلَّكَكَ اللهُ إيَّاهَا ؟ فَإنَّهُ يَشْكُو إلَيَّ أنَّكَ تُجِيعُهُ وتُدْئِبُهُ رواه أَبُو داود كرواية البرقاني

বাংলা

(৩২০২) আবূ জা’ফর আব্দুল্লাহ ইবনে জা’ফর (রাঃ) বলেন, ’একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে সওয়ারীর উপর তাঁর পিছনে বসালেন এবং আমাকে তিনি একটি গোপন কথা বললেন, যা আমি কাউকে বলব না। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উঁচু জায়গা (দেওয়াল, ঢিবি ইত্যাদি) অথবা খেজুরের বাগানের আড়ালে মল-মূত্র ত্যাগ করা সবচেয়ে বেশি পছন্দ করতেন।’ (ইমাম মুসলিম ৮০০ এটিকে সংক্ষিপ্তভাবে বর্ণনা করেছেন।)

বারক্বানী এতে মুসলিমের সূত্রে বর্ধিত আকারে ’খেজুরের বাগান’ শব্দের পর বলেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক আনসারীর বাগানে প্রবেশ ক’রে সেখানে একটা উট দেখতে পেলেন। উটটা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে দেখে ফুঁপিয়ে কাঁদতে লাগল এবং তার চোখ দিয়ে অশ্রু ঝরতে লাগল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কাছে এসে তার কুঁজে এবং কানের পিছনের অংশে হাত ফিরালেন, ফলে সে

শান্ত হল। তারপর তিনি বললেন, ’’এই উটের মালিক কে? এই উটটা কার?’’ অতঃপর আনসারদের এক যুবক এসে বলল, ’এটা আমার হে আল্লাহর রসূল!’ তিনি বললেন, ’’তুমি কি এই পশুটার ব্যাপারে আল্লাহকে ভয় করো না, আল্লাহ তোমাকে যার মালিক বানিয়েছেন? কারণ, সে আমার নিকট অভিযোগ করছে যে, তুমি তাকে ক্ষুধায় রাখ এবং (বেশি কাজ নিয়ে) ক্লান্ত ক’রে ফেলো!’’ (আবু দাঊদ ২৫৫১ সহীহ সনদে)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু জা‘ফার (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66950

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন